গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

১৩ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
নং-১০.০০.০০০০.১৩২.১১.০২৩.১২(অংশ)-৩১২ তারিখ ঃ ---------------------
২৮ আগস্ট, ২০১৯খ্রিঃ

## নিয়োগ পত্র

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের জনবল নিয়োগ সংক্রান্ত বিভাগীয় নির্বাচন কমিটির সুপারিশ এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনের পরিপ্রেক্ষিতে রাজস্ব খাতভূক্ত ১৩তম গ্রেডের সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর এর শূন্য পদে নিম্নবর্ণিত প্রার্থীদেরকে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এ বর্ণিত অন্যান্য সুবিধাদিসহ ১১০০০-২৬৫৯০/- টাকা বেতন স্কেলে নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো ঃ

| মেধাক্রম | রোল নম্বর | প্রার্থীর নাম ও পিতার নাম | স্থায়ী ঠিকানা | বর্তমান ঠিকানা |
|---|---|---|---|---|
| ০১। | ৪১ | মোঃ জাহিদুল করিম<br>পিতা- ফয়জুল ইসলাম<br>মাতা-জাহানারা বেগম | গ্রাম-বড়দাপ, ডাকঘর-ছোটদাপ, থানা-আটোয়ারী, জেলা-পঞ্চগড়। | গ্রাম-বড়দাপ, ডাকঘর-ছোটদাপ, থানা-আটোয়ারী, জেলা-পঞ্চগড়। |
| ০২। | ১৫৩ | তাহমিনা আক্তার<br>স্বামী- আবুল কালাম আজাদ<br>মাতা- হাসনা হেনা | গ্রাম+ডাক-কামাল্লা, উপজেলা-মুরাদ নগর, জেলা-কুমিল্লা। | গ্রাম+ডাক-কামাল্লা, উপজেলা-মুরাদ নগর, জেলা-কুমিল্লা। |
| ০৩। | ৫৬০ | মোঃ সোহেল রানা<br>পিতা- মোঃ চাঁন মিয়া<br>মাতা- মোছাঃ অজিবা খাতুন | গ্রাম-খালিয়াপাড়া, ডাক+থানা-উল্লাপাড়া, জেলা-সিরাজগঞ্জ। | প্রযত্নে, মোঃ আব্দুল জব্বার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ভবন নং-৬, কক্ষ নং-১৫২৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০। |
| ০৪। | ১৩৯ | শামীম আহম্মেদ<br>পিতা- তবিবুর রহমান জোয়ারদার<br>মাতা-মিনি বেগম | গ্রাম+ ডাকঘর-বিলচাপড়ী, উপজেলা-ধুনট-৫৮৫০, জেলা-বগুড়া। | প্রযত্নে, মোঃ নজরুল ইসলাম (পিএ), শ্রম ও আপীল ট্রাইব্যুনাল, ২৫/২৬ পুরানা পল্টন লেন, ঢাকা-১০০০। |
| ০৫। | ২৪৭ | রোকসানা আক্তার<br>পিতা- মোহাম্মদ আলী<br>মাতা-মরিয়ম বেগম | রওশন মঞ্জিল, ব্লক-সি, বাড়ি নং-১১ গ্রাম-বিশ্বাস বেতকা, ডাকঘর-টাঙ্গাইল, থানা+জেলা-টাঙ্গাইল। | বি-৩৯, এফ-১২, আইডিয়াল জোন, এজিবি কলোনী, মতিঝিল, ঢাকা। |
| ০৬। | ৪৫২ | মোঃ জামিরুল ইসলাম<br>পিতা- মোঃ হাসমত ঠাকুর<br>মাতা-আমেনা খাতুন | গ্রাম-পারমল্লিকপুর, ডাকঘর-লক্ষীপাশা, থানা-লোহাগড়া, জেলা-নড়াইল। | জ্যোতি কমার্শিয়াল সেন্টার, বি-৯৩, মালিবাগ চৌধুরী পাড়া, ঢাকা-১২১৯। |
| ০৭। | ৩২৫ | মোঃ আনোয়ার হোসেন<br>পিতা- মোঃ সোলায়মান হোসেন<br>মাতা-মোছাঃ ইছা ভানু | গ্রাম-কবিরের পাড়া, ডাক-বিষ্ণুপুর-৫৭০০, উপজেলা+জেলা-গাইবান্ধা। | রাইজিং সান কম্পিউটার এন্ড শর্টহ্যান্ড ট্রেনিং সেন্টার, ৯৭/১, শহীদ কমপ্লেক্স, আগারগাঁও, তালতলা, ঢাকা-১২০৭। |
| ০৮ | ৪৩৪ | আলমগীর হুসাইন<br>পিতা- মোঃ রাশেদুল হক<br>মাতা-মোছাঃ আনোয়ারা বেগম | গ্রাম-সোনারদাইড়, ডাক-হলিধানী-৭৩০০, থানা+জেলা-ঝিনাইদহ। | প্রযত্নে- কাজী শাহিনুর ইসলাম, ভবন নং-৭, কক্ষ নং-৮১৮, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| ০৯ | ১৪৮ | মোঃ রফিকুল ইসলাম<br>পিতা- মনকের আলী<br>মাতা-টলু খাতুন | গ্রাম-হাতকোড়া, ডাক-বিনোটিয়া-৬৭৭২, উপজেলা-শাহজাদপুর, জেলা-সিরাজগঞ্জ | গ্রাম-বড় বাশুরিয়া(উঃ পাড়া), ডাক-জামিরতা, উপজেলা-শাহজাদপুর, জেলা-সিরাজগঞ্জ। |

শর্তাবলী ঃ

(ক) নিয়োগপ্রাপ্ত কর্মচারি কর্তৃক দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদ এবং প্রযোজ্য ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সনদ, এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী সনদ, উপজাতি সনদে বা দাখিলকৃত অন্য কোন সনদে কোন ভুল বা অসংলগ্নতা পাওয়া গেলে অথবা নিয়োগপ্রাপ্ত কর্মচারী কর্তৃক প্রদত্ত কোন তথ্যে গড়মিল পাওয়া গেলে নিয়োগকারী কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্মচারির নিয়োগ আদেশ বাতিলপূর্বক চাকরি হতে অব্যাহতি প্রদান করতে পারবেন;

(খ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র ও ডোপ টেস্ট রিপোর্টসহ দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন;

(গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে ;

(ঘ) চাকরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০(তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকার দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঙ) The Government Servants (Conduct) Rules,১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী তাকে সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় এ বিভাগে জমা দিতে হবে;

(চ) তাকে ২(দুই) বছর শিক্ষানবিসকাল হিসেবে কাজ করতে হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে উক্ত শিক্ষানবিসকাল আরো ০২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করতে পারবেন;

(ছ) শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই তাকে চাকরি হতে অপসারণ করা হবে;

(জ) তাকে সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) সাফল্যের সাথে সম্পন্ন করতে হবে;

(ঝ) সরকারি বিধি-বিধান অনুযায়ী তার সাধারণ জ্যেষ্ঠতা নির্ধারিত হবে এবং সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী এই প্রজ্ঞাপনে চাকরিতে নিয়োগপ্রাপ্তদের মধ্যে জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ঞ) যদি তিনি শিক্ষানবিসকালীন অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩(তিন) বছরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন এবং তার ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তার কাজে অনুপস্থিত থাকেন তাহলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ট) এ অফিস আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে প্রচলিত আইন, সরকারের প্রণীত বিধি-বিধান, আদেশ ও বিধিমালা প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঠ) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;

(ড) চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।

২। উপরি-উক্ত শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে তাকে আগামী ০১/০৯/২০১৯খ্রিঃ তারিখে এ বিভাগের যুগ্ম-সচিব (প্রশাসন-২) [দৃঃ আঃ-উপ-সচিব (প্রশাসন-২) বরাবর যোগদানের জন্য অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

স্বা:
(মোঃ ফজলে এলাহী ভুইয়া)
উপ-সচিব (প্রশাসন-২)
ফোন ঃ ৯৫৪৬৬১৫(অঃ)

১৩ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
তারিখ ঃ ---------------------
২৮ আগস্ট, ২০১৯খ্রিঃ

নং-১০.০০.০০০০.১৩২.১১.০২৩.১২(অংশ)-৩১২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১) সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃঃ আঃ- যুগ্ম-সচিব (জননিরাপত্তা শাখা-২)]।
২) সিভিল সার্জন, ঢাকা।
৩) সিভিল সার্জন, বাংলাদেশ সচিবালয় ক্লিনিক, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ৫ম তলা, কক্ষ নং-৫০৩, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৬) সিনিয়র সহকারী সচিব/সলিসিটর অনুবিভাগ (প্রশাসন)/বিচার শাখা-৫, আইন ও বিচার বিভাগ, আইন,বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৮) হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৯) যুগ্ম-সচিব (প্রশাসন)/সলিসিটর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১০) হিসাব শাখা, সলিসিটর অনুবিভাগ, সলিসিটর এর কার্যালয়, সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।
১১) প্রোগ্রামার, আইসিটি সেল, আইন ও বিচার বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।

Rahman 28/8/19
(মোঃ মোস্তাফিজুর রহমান)
সিনিয়র সহকারী সচিব